



বাংলাদেশ দূতাবাস  
রিয়াদ, সৌদি আরব  
সৌদি আরবে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের জন্য জরুরী বিজ্ঞপ্তি

সৌদি আরবে বসবাসরত সম্মানিত প্রবাসীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের (ICAO) নির্দেশনা মোতাবেক আগামী ২৪শে নভেম্বর ২০১৫ এর মধ্যে বাংলাদেশের সকল হাতে লেখা (ম্যানুয়েল) পাসপোর্টকে MRP-তে রূপান্তর করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) সংগ্রহ করতে না পারলে আগামী নভেম্বর ২০১৫ এর পর থেকে হাতে লেখা পাসপোর্টে ইকামা নবায়ন, ট্রান্সফার, এন্ট্রি/রি-এন্ট্রি ভিসা কিংবা পেশা পরিবর্তন করা যাবে না। এছাড়াও যে কোন দেশ ইচ্ছা করলে যে কোন সময়ে ম্যানুয়াল অর্থাৎ হাতে লেখা পাসপোর্টে ভিসা প্রদান এবং ভিসা নবায়ন বন্ধ করে দিতে পারে এবং বাংলাদেশ কিংবা অন্য কোন দেশে ভ্রমণের সময় আন্তর্জাতিক বিমান বন্দরে সমস্যা হতে পারে। সম্ভাব্য সমস্যা এড়াতে সম্মানিত প্রবাসীদের অবিলম্বে MRP পাসপোর্টের জন্য আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে।

**মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) রিয়াদ অঞ্চলে কোথায় করা যাবে?**

- ❖ প্রবাসী কর্মীগণ বিদেশে কর্মরত অবস্থায় বাংলাদেশ দূতাবাস, রিয়াদে (শিফা সানাইয়া, হাইয়াল মুরুজ স্ট্রীট, বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল সংলগ্ন), স্বশরীরে উপস্থিত হয়ে এমআরপি পাসপোর্টের আবেদন জমা প্রদান করতে পারবেন।
- ❖ বাংলাদেশ দূতাবাস, রিয়াদে না এসেও দূতাবাস কর্তৃক পরিচালিত রিয়াদ অঞ্চলের ভ্রাম্যমান কম্পুলার টীম যথা : জুবাইল, আল আহসা, হাইল, দাম্মাম, হাফর আল বাতেন, সাকাকা, আরআর, গুরাইয়াত এবং ওয়াদি আল দাওয়াসীর-এর সাথে যোগাযোগ করে এমআরপি পাসপোর্টের আবেদন জমা প্রদান করতে পারবেন।
- ❖ বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারী কোম্পানী আইরিশ কর্তৃক সৌদি আরবের রিয়াদ অঞ্চলে, যথাঃ রিয়াদ (শামসিয়া প্লাজা, উজির রোড, উজির মার্কেট এর নিকটে, বাথা), দাম্মাম (উত্তর রাখা, আল খুজামা স্কুল এর নিকটে, আল খোবার) এবং বুরাইদা (খোবাইব রোড, রিয়াদ ব্যাংকের বিপরীতে) স্থাপিত এপিসি (এপ্লিকেশন প্রসেসিং সেন্টার)এ উপস্থিত হয়েও এমআরপি পাসপোর্টের আবেদন করা যাবে।
- ❖ ছুটিতে বাংলাদেশ থাকাকালীন সময়েও নিকটস্থ পাসপোর্ট অফিস হতে হাতে লেখা পাসপোর্টের পরিবর্তে এমআরপি পাসপোর্ট করতে পারবেন।

**এমআরপি পাসপোর্ট করতে কি কি ডকুমেন্টস প্রয়োজন?**

- ❖ মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য নির্ধারিত আবেদন পত্র পূরণ করে আবেদনপত্রের সাথে মূল পাসপোর্ট, ফি (সাধারণ ক্যাটাগরি-একশত পিচিশ এবং প্রফেশনাল ক্যাটাগরির জন্য চারশত পনের সৌদি রিয়াল), জন্ম নিবন্ধন সনদ (যদি না থাকে তাহলে অতিরিক্ত বিশ রিয়াল), পাসপোর্টের ফটোকপি ও ইকামার ফটোকপি এবং ০১ (এক) কপি ছবি সংযোজন করা আবশ্যিক। অপ্রাপ্ত বয়স্কদের জন্য আলাদা এম আর পি পাসপোর্টের আবেদন করতে হয়। প্রত্যেক আবেদনকারীর স্বশরীরে হাজির হয়ে আবেদন করা আবশ্যিক।
- ❖ বেসরকারী সংস্থা আইরিশ হতে এমআরপি পাসপোর্ট গ্রহণের জন্য জন্ম নিবন্ধন সনদ না থাকলে ১৮০ সৌদি রিয়াল ফি প্রদান করতে হবে। জন্ম নিবন্ধন সনদ থাকলে ১৬০ সৌদি রিয়াল ফি জমা প্রদান করতে হবে।
- ❖ এম আর পি পাসপোর্ট হারিয়ে গেলে পাসপোর্টের জন্য আবেদনপত্রের সাথে হারানো পাসপোর্টের ফটোকপি, ইকামার ফটোকপি, পাসপোর্ট সাইজের ১(এক) কপি রঙিন ছবি এবং নিকটস্থ থানার জিডির কপি দাখিল করা আবশ্যিক।

**জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয় পত্র কিভাবে সংগ্রহ করা যায়?**

- ❖ এমআরপি পাসপোর্টের আবেদনের জন্য জন্ম নিবন্ধন সনদ কিংবা জাতীয় পরিচয় পত্রের কপি আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে। জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয় পত্র না থাকলে বাংলাদেশ হতে ইস্যুকৃত জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি ডাকযোগে/ই-মেইল যোগে/ফ্যাক্স এ সংগ্রহ করে আবেদন করা যাবে।
- ❖ নির্ধারিত ফি (২০ সৌদি রিয়াল) প্রদান করে বাংলাদেশ দূতাবাস, রিয়াদ হতে জন্ম নিবন্ধন সনদ সংগ্রহ করা যাবে।

**মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) কিভাবে ডেলিভারি নেওয়া যাবে?**

- ❖ আবেদন পত্র জমা প্রদানের পর সাধারণত ২/৩ মাস পর মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) ডেলিভারি প্রদান করা হয়। তবে মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) প্রিন্ট হয়ে ঢাকা হতে এসেছে কিনা তা বাংলাদেশ দূতাবাস, রিয়াদ - এ ফোন করে জেনে নেওয়া যেতে পারে।
- ❖ মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) ডেলিভারি নিতে আসার সময় পুরনো পাসপোর্ট ও বারকোড সম্বলিত কম্পিউটার প্রিন্টটি অবশ্যই সাথে আনতে হবে।

**জরুরী প্রয়োজনে যোগাযোগের ফোন নাম্বার ও ই-মেইল**

কম্পুলার উইং: -০১১-৪১৯৩১৮৮, ০১১-৪১৯৫৩০০ এক্সটেনশন- ১০৬,১২৪।

ফ্যাক্স: ০১১-৪১৯৫১৭২। ই-মেইল- [mission.riyadh@mofa.gov.bd](mailto:mission.riyadh@mofa.gov.bd)